

নং- ৪৬.০৪২.০১১.০১.০০.০০১.২০১৪. ১১৭২

১০ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
তারিখঃ ২৪ মে ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ মাদারীপুর জেলা পরিষদে সাংগঠনিক কাঠামো বহির্ভূত শূণ্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ মাদারীপুর জেলা পরিষদের স্মারক নং-জেপমা-২১-৩/২০১৭/৭৭, তারিখঃ ১৩/৩/২০১৭।

মাদারীপুর জেলা পরিষদের মালিকানাধীন পরিদর্শন ডাকবাংলোর জন্য সাংগঠনিক কাঠামো বহির্ভূত ১ (এক) জন দারোয়ান-কাম-কেয়ারটেকার পদে, সদর ডাকবাংলো ও কালকিনি রেস্ট হাউজে ১ (এক) করে পরিচ্ছন্নতা কর্মী পদে দৈনিক মজুরী ভিত্তিতে মোট ৩ (তিন) জন লোক নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

শর্তসমূহঃ

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা।
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।
- ৬) উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রতিদিন হাজিরা দিতে হবে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতিমাসে তার হাজিরা বিবরণী মন্ত্রণালয়কে অবহিত রেখে আবশ্যিকভাবে জেলা পরিষদে প্রেরণ করবেন।

  
(জুবাইদা নাদারী)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, মাদারীপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, মাদারীপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।